কালের কণ্ঠ

তারিখ 06 AUG 2016
পৃষ্ঠা 2 কলাম 9

# ফেনীতে বন্ধ হলো পিস স্কুল

ফেনী প্রতিনিধি ▷

ফেনীতে বন্ধ হয়ে গেছে পিস স্কুল। গত বৃহস্পতিবার বিকেলে স্কুল পরিচালনা পর্ষদ বৈঠক করে স্কুলটি বন্ধ ঘোষণা করে এবং এ-সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি দেয়ালে টাঙিয়ে দেয়। তবে প্রেসিডেন্সি স্কুল নামে এর কার্যক্রম দু-এক দিনের মধ্যে আবার চালু করা হতে পারে বলে এলাকার লোকজন জানিয়েছে।

উল্লেখ্য, গত মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয় পিস স্কুল বন্ধের নির্দেশ দেয়। দেশের বিভিন্ন স্থানে গড়ে ওঠা এই স্কুলে জঙ্গিবাদ উসকে দেওয়া হচ্ছে বলে অভিযোগ পাওয়ার পর সরকার এ স্কুল বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

## নতুন নামে চালুর আয়োজন

ফেনী শহরের কুমিল্লা বাসস্ট্যান্ড এলাকার একটি দোতলা বাসায় পিস স্কুলের কার্যক্রম চলত। এর আগে শহরের শহীদ সেলিনা পারভীন সড়কে এর কার্যক্রম ছিল। সম্প্রতি এটি কুমিল্লা বাসস্ট্যান্ড এলাকায় স্থানান্তরিত হয়। গতকাল শুক্রবার সন্ধ্যায় ওই এলাকায় গিয়ে স্কুলসংশ্লিষ্ট কাউকে পাওয়া যায়নি।

এলাকার লোকজন জানায়, বৃহস্পতিবার স্কুল কর্তৃপক্ষ বৈঠক করে স্কুলটি বন্ধ করে দেয় এবং এর বিজ্ঞপ্তি মূল ফটকে ঝুলিয়ে দেয়। দু-এক দিনের মধ্যে এটি প্রেসিডেন্সি স্কুল নামে চালুর প্রক্রিয়া চলছে বলেও জানায় এলাকাবাসী। প্রতিষ্ঠানটিতে প্রায় ২০০ শিক্ষার্থী রয়েছে।

স্কুলের অধ্যক্ষ মো. হানিফের সঙ্গে মোবাইল ফোনে বেশ কয়েকবার যোগাযোগের চেষ্টা করেও তাঁকে পাওয়া যায়নি।

তবে স্কুল পরিচালনা কমিটির চেয়ারম্যান শেখ কামাল জানান, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ অনুযায়ী তাঁরা তাঁদের স্কুলের শিক্ষা কার্যক্রম বন্ধ করে দিয়েছেন। সরকারের পরবর্তী নির্দেশ দেওয়া না পর্যন্ত স্কুলের শিক্ষা কার্যক্রম বন্ধ থাকবে।

প্রসঙ্গত, এ স্কুলের ক্যাম্পাসটি ফেনী শহরের জামায়াত-শিবির অধ্যুষিত এলাকায়।

আরিফুল্ল আমীন রিজভী নামের একজন অভিভাবক বলেন, সরকার যদি মনে করে দেশের জন্য এ ধরনের প্রতিষ্ঠান ঝুঁকিপূর্ণ, তাহলে সরকার বন্ধ করতে পারে। কিন্তু এসব স্কুলে অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্যও সরকারের বিকল্প ব্যবস্থা করা উচিত।